গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
উন্নয়ন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

**সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতিঃ জনাব এন এম জিয়াউল আলম

সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

সভার স্থানঃ মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষ, পরিবহন পুল ভবন

তারিখ ও সময়ঃ ০৬ মার্চ ২০১৮, সকাল ১১.৩০

**উপস্থিতিঃ পরিশিষ্ট-ক**

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুসারে সভা পরিচালনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) কে অনুরোধ জানান। অতিরিক্ত সচিব বলেন জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) বাস্তবায়ন অগ্রগতি এবং এসএসপিএস প্রোগ্রাম সম্পর্কে সকলকে অবহিত করা এ সভার মূল উদ্দেশ্য। কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির পরবর্তী সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্তকরণযোগ্য গুরুত্বপূর্ণ বিষয়াবলি সম্পর্কেও এ সভায় আলোচনা করা হবে মর্মে তিনি জানান।

০২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের উল্লেখযোগ্য অগ্রগতিসমূহ সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপনায় উল্লেখ করা হয় যে, সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের জন্য আগামী ২০২১ সাল পর্যন্ত প্রথম পর্যায়ের এবং আগামী ২০২৬ সাল পর্যন্ত দ্বিতীয় পর্যযায়ের বিভিন্ন সংস্কার কার্যক্রম গ্রহণের দিকনির্দেশনা রয়েছে। সে অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যক্রমের অগ্রগতি এবং কৌশল বাস্তবায়নে এসএসপিএস প্রোগ্রামের আগামী দুই বছরের কর্মপরিকল্পনা সকলের অবগতির জন্য সভায় উপস্থাপন করা হয়।

০৩। উপস্থাপনায় বর্ণনা করা হয় যে, সামাজিক নিরাপত্তার প্রাতিষ্ঠানিক সংস্কারের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির কর্মপরিধি পুনর্নিধারণ এবং সামাজিক নিরাপত্তার পাঁচটি বিষয়ভিত্তিক ক্লাস্টার গঠন। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল সম্পর্কে জাতীয় সংসদ থেকে শুরু করে ইউনিয়ন পর্যায় পর্যন্ত সংশ্লিষ্ট কর্মকর্তাগণের অবহিতকরণ সভা ও দক্ষতা বৃদ্ধিমূলক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়।

০৪। সভায় জানানো হয় যে, সামাজিক নিরাপত্তা কৌশলের আলোকে বিস্তারিত কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। সচিব, সমন্বয় ও সংস্কারের সভাপতিত্বে গঠিত জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা উপ-কমিটি এ কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম সমন্বয়ের দায়িত্ব পালন করেছে। কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি (সিএমসি) ইতোমধ্যে এ কর্মপরিকল্পনা অনুমোদন করেছে যা মুদ্রণাধীন রয়েছে। যথাশীঘ্র মুদ্রণ কাজ সম্পন্ন করার বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। পরবর্তী সময়ে এ কর্মপরিকল্পনা সম্পর্কে বিভিন্ন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন হবে মর্মে সদস্যগণ মতামত ব্যক্ত করেন। এ লক্ষ্যে এসএসপিএস প্রোগ্রাম কার্যক্রম গ্রহণ করতে প্রস্তুত আছে মর্মে জানানো হয়।

০৫। সভায় উল্লেখ করা হয় যে, জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের নিমিত্তে ইতোমধ্যে মন্ত্রণালয়/বিভাগসমূহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। উদাহরণ হিসাবে বলা হয় যে, শিশু ভাতা প্রদান কার্যক্রম চালুর জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ করছে। প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় সমূহের উপবৃত্তি প্রাপ্ত সুবিধাভোগীর সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। পরিত্যাক্ত শিশুর ভরণ-পোষণ নীতিমালা তৈরির কার্যক্রম গ্রহণ করা হয়েছে। টিকা প্রদান এবং পুষ্টি কার্যক্রম সম্প্রসারণ করা হয়েছে। কর্মসংস্থান সৃজনমূলক কার্যক্রম আরও সমন্বিত করা হয়েছে। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ জাতীয় সামাজিক বিমা স্কিম চালুর পদ্ধতি নিয়ে কাজ করছে এতে বেকারত্ব, দুর্ঘটনা এবং মাতৃত্ব বিমা অন্তর্ভুক্ত করা হবে। সাধারণ নাগরিকগণকে পেনশন স্কিমের আওতায় আনয়নের জন্য অর্থ বিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করছে মর্মেও সভায় আলোচনা হয়।

০৬। তাছাড়া, সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় সেবা বিতরণ ব্যবস্থা ডিজিটাইজকরণ, সুবিধাভোগীর সমন্বিত ডাটাবেইজ প্রণয়ন, এমআইএস তৈরি এবং অভিযোগ নিরসন ব্যবস্থা আধুনিকায়নের জন্য সামাজিক নিরাপত্তা কৌশলের সুপারিশের আলোকে মন্ত্রণালয়সমূহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করছে বলে জানানো হয়। তবে এ বিষয়ে কার্যক্রম

আরও দ্রুত সম্পন্ন করা প্রয়োজন মর্মে সকলে মতামত প্রকাশ করেন। বিশেষতঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক যথাশীঘ্র খানাজরিপ সম্পন্ন করার প্রতি গুরুত্ব দেওয়া হয়।

০৭। সভায় অভিমত প্রকাশ করা হয় যে, জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল জীবন-চক্র ভিত্তিক সামাজিক নিরাপত্তা ব্যবস্থা প্রবর্তনের সুপারিশ করেছে তার সংগে মন্ত্রণালয়সমূহের গৃহীত কার্যক্রম যথেষ্ট সামঞ্জস্যপূর্ণ। ইতোমধ্যে যে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে তা যথাসময়ে বাস্তবায়নের জন্য সকলের ঐকান্তিক প্রচেষ্টা অব্যহত রাখার আহ্বান জানানো হয়। আন্তঃমন্ত্রণালয়, আন্তঃক্লাস্টার সমন্বয়ের জন্য মন্ত্রণালয়সমূহ বিভিন্ন কমিটির সভা আয়োজন করছে মর্মে সভায় উল্লেখ করা হয়। তবে সভাসমূহে সকলের উপস্থিতি নিশ্চিত করার প্রতি জোরারোপ করা হয়। সভাসমূহ যাতে নির্ধারিত বিরতিতে আয়োজন করা যায় সে বিষয়ে সকলকে সচেষ্ট থাকার অনুরোধ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের এসএসপিএস প্রোগ্রাম মন্ত্রণালয়সমূহকে প্রয়োজনে বা অনুরোধ সাপেক্ষে কারিগরি ও অন্যান্য সহযোগিতা প্রদান করতে পারে মর্মে প্রকল্প পরিচালক উল্লেখ করেন।

০৮। সামাজিক নিরাপত্তা কৌশলের কর্মপরিকল্পনা মন্ত্রণালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-র সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করা প্রয়োজন মর্মে সভাপতি সভায় উল্লেখ করেন। এ লক্ষ্যে এপিএ অধিশাখার সঙ্গে সমন্বয় করার জন্য সামাজিক নিরাপত্তা অধিশাখাকে অনুরোধ করা হয়।

০৯। সামাজিক নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়সমূহের ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ কাজ করছেন। কিন্তু ইতোমধ্যে বিভিন্ন মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট বা বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ বদলি জনিত বা অন্যান্য কারণে পরিবর্তন হয়েছে। তাঁদের তালিকা জরুরিভিত্তিতে হালনাগাদ করা প্রয়োজন মর্মে সভায় অভিমত প্রকাশ করা হয়। এছাড়া, পরিবীক্ষণ ও মূল্যায়ন, অভিযোগ ব্যবস্থাপনা, জেন্ডার এডভোকেসি, যোগাযোগ ও মিডিয়া, শুদ্ধাচার এবং আরবান ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ বিষয়টির সংগে সম্পর্কিত রয়েছেন। তাঁদের সকলকে সামাজিক নিরাপত্তা কৌশল সম্পর্কে অবহিতকরণ প্রয়োজন। তাছাড়া, সামাজিক নিরাপত্তা কার্যক্রমের সঙ্গে প্রতিটি মন্ত্রণালয়ের আইটি কর্মকর্তাগণ প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট রয়েছেন। কিন্তু অধিকাংশ মন্ত্রণালয়ের আইটি কর্মকর্তাগন সামাজিক নিরাপত্তা কৌশল সম্পর্কে অবহিত নন যদিও এক্ষেত্রে তাঁদের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। সুতরাং আইটি কর্মকর্তাগণকেও এ বিষয়ে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণের জন্য এসএসপিএস প্রোগ্রামকে অনুরোধ করা হয়। সভায় আরও আলোচনা হয় যে, সামাজিক নিরাপত্তা কৌশল প্রাতিষ্ঠানিকরণের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগসমূহের অধীনস্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট কারিকুলামে সামাজিক নিরাপত্তার হালনাগাদ শিক্ষা উপকরণ অন্তর্ভুক্ত করা প্রয়োজন। এ উদ্দেশ্যে মন্ত্রণালয়/ বিভাগসমূহের আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের তালিকা সংগ্রহ করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়।

১০। আগামী সামাজিক নিরাপত্তা সংক্রান্ত Central Management Committee (CMC)'র সভার আলোচ্য বিষয়সমূহ কি হতে পারে তা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সদস্যগণ বলেন এতে জেন্ডার পলিসি, এম এন্ড ই, এন এস এস এস রিসার্স চাহিদা, কর্মপরিকল্পনা উদ্বোধন, এনএসএসএস কর্মপরিকল্পনা সংক্রান্ত টেকনিক্যাল সাব-কমিটির কর্মপরিধি পরিবর্তন এবং সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ক্ষুদ্র কার্যক্রম (Smaller Program) সমন্বয় ইত্যাদি অন্তর্ভুক্ত করা যেতে পারে।

**সিদ্ধান্তঃ**

১০। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক) কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটিতে অনুমোদিত জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের কর্মপরিকল্পনার মুদ্রণ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য এসএসপিএস প্রোগ্রামকে অনুরোধ জানানো হয়;

খ) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের কর্মপরিকল্পনা বিষয়ে সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের জন্য প্রশিক্ষণ আয়োজনের জন্য এসএসপিএস প্রোগ্রামকে অনুরোধ জানানো হয়;

গ) সামাজিক নিরাপত্তার হালনাগাদ ফোকাল পয়েন্ট ও মনোনীত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তালিকা এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন, অভিযোগ ব্যবস্থাপনা, জেন্ডার এডভোকেসি, যোগাযোগ ও মিডিয়া, শুদ্ধাচার ও আরবান ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের তালিকা জরুরিভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হয়;

ঘ) অনুচ্ছেদ ১০ (গ) তে উল্লিখিত কর্মকর্তাগণকে জাতীয় সামাজিক নিরপত্তা কৌশলের ওপর অবহিতকরণের জন্য এসএসপিএস প্রোগ্রামকে অনুরোধ করা হয়;

ঙ) থিমেটিক ক্লাস্টারসমূহের মিটিং নিয়মিত আয়োজন করার জন্য পাঁচটি সমন্বয়ক মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হয়। মন্ত্রণালয়সমূহের চাহিদার পরিপ্রেক্ষিতে এসএসপিএস প্রোগ্রামকে কারিগরি সহায়তা প্রদান করার জন্য অনুরোধ করা হয়;

চ) সামাজিক নিরাপত্তা কৌশল প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে সামাজিক নিরাপত্তা বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগসমূহকে তাদের অধীনস্থ প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হয়;

ছ) সামাজিক নিরাপত্তা কৌশলের কর্মপরিকল্পনা মন্ত্রণালয়সমূহের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সামঞ্জস্যপূর্ণ করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএ অধিশাখার সঙ্গে যোগাযোগ করার জন্য সামাজিক নিরাপত্তা অধিশাখাকে অনুরোধ করা হয়;

জ) এসএসপিএস প্রোগ্রামে উপস্থাপিত আগামী দুই বছরের কর্মপরিকল্পনা নীতিগতভাবে অনুমোদন দেওয়া হয় এবং কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পাদন করার জন্য অনুরোধ করা হয়;

ঝ) আগামী সি এম সি'র সভার আলোচ্যসূচিতে জেন্ডার পলিসি, এম এন্ড ই, এন এস এস এস রিসার্স চাহিদা, কর্মপরিকল্পনা উদ্বোধন, সিএমসি কর্তৃক গঠিত এনএসএসএস কর্মপরিকল্পনা টেকনিক্যাল সাব-কমিটির কর্মপরিধি পরিবর্তন এবং সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ক্ষুদ্র কার্যক্রম (Smaller Program) সমূহ সমন্বয় ইত্যাদি অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হয়।

১১। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

(এন এম জিয়াউল আলম)
সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ